

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১১. হযরত ইউসুফ (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

বাদশাহর দরবারে ইউসুফ (আঃ)

কারাগার থেকে পাঠানো ইউসুফের দাবী অনুযায়ী মহিলাদের কাছে বাদশাহ ঘটনার তদন্ত করলেন। আল্লাহ বলেন, বাদশাহ মহিলাদের ডেকে বলল, من فَوْسُفَ عَن نَفْسِهِ وَاللهُ مَا عَلَمْنَا عَلَيْهِ مِنْ سُوْءٍ 'তোমাদের খবর কি যখন তোমরা কি যুখন তোমরা ক্রিলাদের ডেকে বলল, 'আল্লাহ পবিত্র। আমরা তাঁর ক্রিটেট্ট বুটিলুকে কুকর্মে কুসলিয়েছিলে? তারা বলল, 'আল্লাহ পবিত্র। আমরা তাঁর وَاللّهُ عَنْ نَفْسِهِ وَإِنَّهُ لَمِنَ الْحَقُ أَنَا رَاوَدتُهُ عَنْ نَفْسِهِ وَإِنَّهُ لَمِنَ الْحَقُ لَانَ وَلَوْتُهُ عَنْ نَفْسِهِ وَإِنَّهُ لَمِنَ الْحَالِقِينَ (উউসুফ) সম্পর্কে মন্দ কিছুই জানি না'। আযীয-পত্নী বলল, 'আল্লাহ তাকে কুসলিয়েছিলাম এবং সে ছিল সত্যবাদী' (ইউসুফ ১২/৫১)। ইতিপূর্বে একবার শহরের মহিলাদের সম্মুখে যুলায়খা উক্ত স্বীকৃতি দিয়ে বলেছিল, فَاسَتَعْصَنَمَ وَالْكَوْتُ عَن نَفْسِهِ مِهُ وَالْكَوْتُ مَن نَفْسِهِ وَالْكَوْتُ مَن نَفْسِهِ وَالْكَوْتُ مَن نَفْسِهِ وَالْكَوْتُ وَالْكُوْتُ وَلَالْكُوْتُ وَالْكُوْتُ وَالْكُولُولُولُولُولُولُولُولُولُولُولُولُول

অতঃপর আযীয-পত্নী বলল, 'এটা (অর্থাৎ এই ذَلِكَ لِيَعْلَمَ أَنِّي لَمْ أَخُنُهُ بِالْغَيْبِ وَأَنَّ اللهَ لاَ يَهْدِي كَيْدَ الْخَائِنِيْنَ अीकृতিটা) এজন্যে যেন গৃহস্বামী জানতে পারেন যে, তার অগোচরে আমি তার প্রতি বিশ্বাসঘাতকতা করিনি। বস্তুতঃ আল্লাহ বিশ্বাসঘাতকদের ষড়যন্ত্র সফল করেন না' (৫২)। 'আর আমি নিজেকে নির্দোষ মনে করি না। নিশ্চয়ই মানুষের মন মন্দপ্রবণ। কেবল ঐ ব্যক্তি ছাড়া যার প্রতি আমার প্রভু দয়া করেন। নিশ্চয়ই আমার প্রতিপালক ক্ষমাশীল ও দয়াবান' (৫৩)।

এভাবে আযীয-পত্নী ও নগরীর মহিলারা যখন বাস্তব ঘটনা স্বীকার করল, তখন বাদশাহ নির্দেশ দিলেন, ইউসুফকে আমার কাছে নিয়ে এস। কুরআনের ভাষায়- وَقَالَ الْمَلِكُ الْتُوْنِيْ بِهِ أَسْتَخْلِصْهُ لِنَفْسِيْ فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ - (يوسف (عوسف) - (يوسف) الْمَلِكُ الْمَيْنُ مَكِيْنٌ أَمِيْنٌ - (يوسف

'বাদশাহ বলল, তাকে তোমরা আমার কাছে নিয়ে এসো। আমি তাকে আমার নিজের জন্য একান্ত সহচর করে নেব। অতঃপর যখন বাদশাহ ইউসুফের সাথে মতবিনিময় করলেন, তখন তিনি তাকে বললেন, নিশ্চয়ই আপনি আজ থেকে আমাদের নিকট বিশ্বস্ত ও মর্যাদাপূর্ণ স্থানের অধিকারী' (ইউসূফ ১২/৫৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4335

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন